গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা
১৫২/১, এস ইসলাম পার্ক ভিউ, পার্ক রোড, ছোটরা, কুমিল্লা
www.cevccomilla.gov.bd

স্মারক নম্বরঃ ১ম/সাধারণ-১(৫৯)/কাস্টমস দিবস-২০২৬/২৭৮ তারিখঃ পৌষ ১৪৩২ / ১৫ জানুয়ারি ২০২৬

**"কোটেশন বিজ্ঞপ্তি"**

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লার পক্ষ হতে কাস্টমস দিবস- ২০২৬ উপলক্ষ্যে প্রচার সামগ্রী ক্রয়/সরবরাহের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে আগামী ২৬শে জানুয়ারি, ২০২৬ আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপন উপলক্ষ্যে সেমিনার প্রাঙ্গন, উদ্বোধনী মঞ্চসহ আনুষঙ্গিক সকল সাজসজ্জা এবং পূবালী চত্বর ও পার্ক মোড় সজ্জিতকরণ ক্রয়ের নিমিত্ত প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর তফসিল-২ এর বিধি ৯০(১), ৯২(৪) অনুযায়ী সীলমোহরকৃত খামে নিজস্ব লেটারহেড প্যাডে "কোটেশন/দরপ্রস্তাব" আহবান করা যাচ্ছে।

প্যাকেজ-১

| ক্রঃ নং | বিবরণ | আর্থিক বরাদ্দের প্রেক্ষিতে কমিটি কর্তৃক প্রস্তাবিত ক্রয়ের পরিমাণ |
|---|---|---|
| ১ | রোল ব্যানার (সাইজঃ ৮০'×২৫') | ৩ টি |
| ২ | এক্স ব্যানার-ফ্রেম সহ (সাইজঃ ৫'×২') | ১৫০ টি |
| ৩ | ব্যাক ড্রপ ব্যানার (সাইজঃ ১২'×৫') | ৪ টি |
| ৪ | ফুট ওভার ব্রীজ ব্যানার (সাইজঃ ৩০'×৫') | ৪ টি |
| ৫ | অফিসের নামাঙ্কিত স্পাইরাল নোট প্যাড | ৫০০ টি |
| ৬ | অফিসের নামাঙ্কিত কলম | ৬০০ টি |
| ৭ | দাওয়াত কার্ড (খাম সহ) | ৫০০টি |
| ৮ | অফিসের নামাঙ্কিত লেদার ওয়ালেট | ২০০টি |
| ৯ | অফিসের নামাঙ্কিত ফোল্ডার (সাইজঃ ১৪"×৯" এবং ভিতরের উভয় পাতায় পকেটযুক্ত হতে হবে) | ৬০০টি |
| ১০ | অফিসের নামাঙ্কিত টিস্যু বক্স (বক্সটি কাগজের তৈরী ও ২৫০টি টিস্যু প্লাই সম্পন্ন হতে হবে) | ২০০টি |

**শর্তাবলীঃ**

ক) দরপ্রস্তাবের সাথে দরপত্রদাতার হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও মূসক নিবন্ধন পত্রের ফটোকপি সংযুক্ত থাকতে হবে।
খ) সামগ্রীসমূহ সরবরাহ করার পর বিল দাখিল অন্তে বিলের অর্থ পরিশোধ করা হবে।
গ) প্রচলিত নিয়ম অনুযায়ী করাদি পরিশোধ ও আনুষঙ্গিক প্রত্যয়নপত্র নিজ দায়িত্বে গ্রহণ করতে হবে।
ঘ) আইন ও বিধি মোতাবেক দাখিলকৃত বিল হতে ভ্যাট ১৫%, আয়কর ৫% এবং সার্ভিস চার্জ ৩% কর্তন করা হবে।

২। আগ্রহী কোটেশনদাতাগণকে এ সংক্রান্ত সীলমোহরকৃত দরপ্রস্তাব আগামী ২০/০১/২০২৬খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে এই অফিসের ১ম তলায় রক্ষিত "দরপত্র বাক্সে" জমা দিতে হবে। প্রাপ্ত দরপ্রস্তাবসমূহ একই দিন বেলা ১২.৩০ ঘটিকায় দরপ্রস্তাবদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপ্রস্তাবসমূহ খোলা হবে।

৩। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিম্নস্বাক্ষরকারী যে কোনো বা সকল কোটেশন/দরপ্রস্তাব গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

15.01.26
মোঃ আতিকুর রহমান
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
E-mail: cevccomilla@gmail.com

স্মারক নম্বরঃ ১ম/সাধারণ-১(৫৯)/কাস্টমস দিবস-২০২৬ তারিখঃ পৌষ ১৪৩২ / জানুয়ারি ২০২৬

**জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। নোটিশ বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সদর দপ্তর, কুমিল্লা।
২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
৩। নোটিশ বোর্ড, পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা।
৪। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। তাঁকে এ দপ্তরের ওয়েবসাইটে উক্ত নোটিশটি সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।